অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন জোয়ান কেসনার ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন

কেসনার নর্থ অভ ব্লকের রূপান্তরকারী পুনর্গঠনসহ বাফেলোর ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস উন্নত করার গভর্নরের পরিকল্পনাসমূহের নেতৃত্ব দিবেন

এছাড়া লেসলি জেমস্কি এবং স্যাম ক্যাপিটানো ECHDC বোর্ডে দায়িত্ব পালনের জন্য নিয়োগ পেলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সাবেক ওয়েস্টার্ন নিউ ইয়র্কের গভর্নরের আঞ্চলিক পরিচালক, জোয়ান কেসনার ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Erie Canal Harbor Development Corporation, ECHDC) পরিচালকদের বোর্ডের চেয়ারপার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন। গভর্নর কেসনারকে বোর্ডে নিয়োগ দিয়েছেন এবং একই সাথে ECHDC এর পরবর্তী চেয়ারপার্সন হিসেবে তার নাম সুপারিশ করেন, যা বোর্ড কর্তৃক আজকে অনুমোদিত হয়। এছাড়াও, লার্কিন ডেভেলপমেন্ট গ্রুপের (Larkin Development Group) ভাইস প্রেসিডেন্ট এবং পার্টনার লেসলি জেমস্কি, এবং নর্থ আমেরিকা লেবারার্স ইন্টারন্যাশনাল ইউনিয়ন (Laborers International Union of North America, LiUNA), আপস্টেট নিউ ইয়র্ক লেবারার্স ডিস্ট্রিক্ট কাউন্সিলের (Upstate New York Laborers District Council) ব্যবসা ব্যবস্থাপক স্যাম ক্যাপিটানোকেও ECHDC বোর্ডে দায়িত্ব পালনের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। ECHDC হলো একটি স্টেট এজেন্সি যা বাফেলোর ক্যানালসাইড এবং আউটার হার্বারে অবকাঠামো ও জনগণের জন্য কর্মকাণ্ড তৈরিকে সমর্থন ও এর প্রচার করে এবং বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করতে কাজ করে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলের জন্য ওয়াটারফ্রন্টের উপভোগ্যতা বৃদ্ধি করে।

"জোয়ান কেসনার একজন নিবেদিত ও প্রতিভাবান নেতৃত্ব যিনি আমাদের অর্থনীতিকে পুনর্জীবিত করতে স্টেটের প্রয়াসে মনোনিবেশ করবেন, যার সূচনা হবে ওয়াটারফ্রন্ট থেকে," **গভর্নর হোকল বলেন।** "আমরা পানির প্রান্তে দর্শক, নির্মাতা এবং বিনিয়োগকারীদের উৎসাহিত করার প্রয়াস বৃদ্ধি করছি, তাই জোয়ানের সহযোগিতামূলক চেতনা ও পরিশ্রম নিশ্চিত করবে যাতে ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের উদ্যোগসমূহের অগ্রগতি অব্যাহত থাকে। এছাড়া আমি বোর্ডে লেসলি জেমস্কি এবং স্যাপি ক্যাপিটানোকে স্বাগত জানাচ্ছি এবং আমি আত্মবিশ্বাসী যে আগামী দিনে তাদের অভিজ্ঞতা বাফেলোর ওয়াটারফ্রন্টের জন্য সম্পদ হয়ে উঠবে।"

ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রধান জোয়ান কেসনার বলেন, "বাফেলোর ওয়াটারফ্রন্টে আরো মানুষ নিয়ে আসবে এমন বিকাশ প্রকল্পসমূহ অগ্রসর করতে পেরে আমি এর থেকে বেশি গর্বিত ও খুশি হতে পারতাম না। ওয়াটারফ্রন্ট এবং এর বিকাশ হলো গভর্নর হোকলের একটি মুখ্য অগ্রাধিকার এবং এই গন্তব্যকে রূপান্তর করতে এবং এই আনন্দকে অগ্রসর করতে, বিশেষ করে 2025 সালে ইরি ক্যানালের দ্বিশতবার্ষিকীর পূর্বে যা যা করা হবে তার জন্য তার সাথে কাজ করার জন্য আমি উন্মুখ। ECHDC এর প্রতিভাবান ও সৃজনশীল বোর্ড ও কর্মীদের সাথে কাজ করার জন্য আমি উৎসাহী। আমরা সকলেই যা উপভোগ করতে এবং যা নিয়ে গর্ব করতে পারি এমন ওয়াটারফ্রন্ট তৈরিতে আমরা একত্রে কাজ করবো। দুর্দান্ত এই সুযোগের জন্য এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

জোয়ান কেসনার (ছবি এখানে পাওয়া যাবে) ওয়েস্টার্ন নিউ ইয়র্কের একজন বাসিন্দা, সম্প্রতি তিনি গভর্নর হোকলের জন্য ওয়েস্টের নিউ ইয়র্কের আঞ্চলিক পরিচালক হিসেবে কাজ করেছেন যেখানে তিনি মুখ্য আঞ্চলিক প্রকল্প এবং উদ্যোগসমূহকে অগ্রসর করেছেন এবং সম্প্রদায়ের ইভেন্টে গভর্নরের প্রতিনিধিত্ব করেছেন।এর পূর্বে কেসনার নিউ ইয়র্ক স্টেট সিনেটর উইলিয়াম টি. স্ট্যাচোস্কির নির্বাহী সহকারী হিসেবে 26 বছরের বেশি সময় ধরে নিউ ইয়র্ক সিনেটে কাজ করেছেন যেখানে তিনি জেলাতে অনুদান ও প্রকল্পের বিকাশের ব্যবস্থাপনা করেছেন। তিনি চুক্তির একটি সিরিজে পৌঁছাতে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) সাথে আলোচনা করেছেন যার ফলে নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্পের (Niagara Power Project) জন্য 50 বছরের পরিচালনা লাইসেন্সের ব্যবস্থা হয়েছে এবং তিনি ECHDC এর ভূমিকা উপলব্ধি করতে পারেন। এছাড়াও পানির নিরাপত্তার পক্ষে কাজ করার ক্ষেত্রে কেসনার মুখ্য ব্যক্তি ছিলেন এবং ইরি লেকে জরুরি সাড়াদানকারী পেইড ও ভলান্টিয়ার পানি উদ্ধার ইউনিটকে সহায়তা করতে কাজ করেছেন, যার ফলে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং অন্টারিও, কানাডা আধুনিক স্থানীয় জরুরি উদ্ধার দল (Advanced Local Emergency Rescue Teams, ALERT) গঠিত হয়েছে এবং তিনি ইরি কাউন্টি শেরিফের প্রথম হেলিকপ্টারকে সমর্থন করেছেন। এছাড়াও 14 বছরের বেশি সময় ধরে কেসনার হ্যামবার্গ টাউন বোর্ডে (Hamburg Town Board) দায়িত্ব পালনের জন্য নির্বাচিত হয়েছেন। এর পূর্বে কেসনার ইরি কাউন্টি ক্লার্কের কাউন্টি ক্লার্কের অফিসে কাজ করেছেন, এবং পরবর্তীতে 2011 সালের জুন থেকে 2012 সালের মার্চ পর্যন্ত তৎকালীন কংগ্রেসওম্যান ক্যাথি হোকলের জেলা ব্যবস্থাপক হিসেবে কাজ করেছেন। কেসনার হিলবার্ট কলেজে (Hilbert College) পড়েছেন এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এম্পায়ার থেকে লিবারেল আর্টসে একটি ডিগ্রিসহ গ্র্যাজুয়েট করেছেন। তিনি তার স্বামীর সাথে হ্যামবার্গে বাস করেন এবং তার দুইজন প্রাপ্তবয়স্ক সন্তান আছে।

লেসলি জেমস্কি বর্তমানে লার্কিন ডেভেলপমেন্ট গ্রুপের ভাইস প্রেসিডেন্ট এবং পার্টনার। লার্কিন ডেভেলপমেন্ট গ্রুপ বাফেলোর পূর্ব পাশে গুদামঘর ভবনের একটি সিরিজের সংস্কার করছে যা এক সময় লার্কিন সোপ কোম্পানির (Larkin Soap Company) অংশ ছিলো। 2002 সাল থেকে হওয়া সংস্কারের মধ্যে রয়েছে এক মিলিয়ন বর্গফুটের বেশি অফিস স্পেস, অর্ধেক মাইলের বেশি স্ট্রিটস্কেপ সংস্কার এবং ইভেন্টের জন্য লার্কিন স্কয়ার (Larkin Square) নামক জনসমবেত হওয়ার স্থান। কোম্পানিটি সেনেকা স্ট্রিট সংলগ্নে নতুন প্রকল্পের মাধ্যমে

"লার্কিনভিল" গঠন অব্যাহত রেখেছে, যার মধ্যে আছে একাধিক মিশ্র ব্যবহারের আবাসিক ও খুচরা বিক্রির প্রকল্প এবং একটি নতুনভাবে পরিকল্পিত পাবলিক পার্ক। লার্কিন স্কয়ারে "মজার কার্যক্রমের পরিচালক" হিসেবে জেমস্কি প্রতি মৌসুমে লার্কিন স্কয়ারে 130,000 এর বেশি মানুষ আকৃষ্ট করা ইভেন্টসমূহের তত্ত্বাবধান করেছেন। জনপ্রিয় ইভেন্টের মধ্যে রয়েছে ফুড ট্রাক টিউসডেজ, লাইভ অ্যাট লার্কিন ওয়েন্সডেজ, এবং লার্কিন স্কয়ার অথোর সিরিজ। এছাড়াও তিনি সম্প্রদায়ে অত্যন্ত জড়িত আছেন, ফার্স্ট নায়াগ্রা ফাউন্ডেশন (First Niagara Foundation), বাফেলো AKG আর্ট জাদুঘর (Buffalo AKG Art Museum), ভিজিট বাফেলো নায়াগ্রা (Visit Buffalo Niagara), এবং গ্রেটার বাফেলো কমিউনিটি ফাউন্ডেশনসহ (Community Foundation for Greater Buffalo) একাধিক বোর্ডে দায়িত্ব পালন করেছেন, এবং বর্তমানে তিনি ইস্ট সাইড অ্যাভিনিউজ কমিউনিটি রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট কোর্সের (East Side Avenues Community Real Estate Development Course) একজন মেন্টর।

স্যাম ক্যাপিটানো বর্তমানে নর্থ আমেরিকা লেবারার্স ইন্টারন্যাশনাল ইউনিয়ন, আপস্টেট নিউ ইয়র্ক লেবারার্স ডিস্ট্রিক্ট কাউন্সিলের ব্যবসা ব্যবস্থাপক। LiUNA নির্মাণ শিল্পখাত ও অন্যান্য ক্ষেত্রে চাকরিরত সদস্যদের প্রতিনিধিত্ব করে। ক্যাপিটানোর অর্জনের মধ্যে রয়েছে একটি 7.5 মিলিয়ন মার্কিন ডলারের অ্যাসবেসটস উপশম প্রকল্প, বেসরকারি ডোনোভ্যান পার্টনারশিপ চুক্তি (Donovan Partnership Agreement), যা হলো ইউনিয়ন ও ইউনিয়ন বহির্ভূত একটি নির্মাণ চুক্তি যেখানে ইউনিয়ন ও ইউনিয়ন বহির্ভূত উভয় পক্ষ একত্রিত হয়ে যৌথভাবে ও একসাথে কাজ করে এটিকে সফলভাবে সম্পন্ন করে; ব্যাস প্রো অপসারণ করার প্রকল্পে এবং বর্তমানে ক্যানালসাইড নামে পরিচিত স্থানের পরিকল্পনা তৈরিতে ECHDC এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে করা কাজ; এবং সফল বাফেলো স্যাবরেস হার্বার সেন্টার প্রকল্পে (Buffalo Sabres' Harbor Center Project) বাফেলো ভবন বাণিজ্যের (Buffalo Building Trades) দেন দরবারের দলকে নেতৃত্ব প্রদান, 300 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি বাফেলোর ওয়াটারফ্রন্টের রূপান্তরে সাহায্য করেছে এবং ডাউনটাউন এলাকায় অর্থনৈতিক বিকাশ নিশ্চিত করার ভিত্তি স্থাপন করেছে।

বাফেলোর ওয়াটারফ্রন্টের প্রয়াসসমূহ গতিলাভ করছে, এমন সময়ে গভর্নরের আজকের ঘোষণা আসলো। এই ফল মৌসুমে বাফেলোর আউটার হার্বারে উইলকসন পয়েন্ট উন্নয়ন প্রকল্পের (Wilkeson Pointe Improvements Project) কাজ শুরু হয়েছে। আনুমানিক সাত একরের সাইটের মধ্যে কাজ করে, দর্শকদের আরো ভালো অভিজ্ঞতা প্রদান করার জন্য উইলকসন পয়েন্ট পানির প্রান্ত ও নিকটস্থ ফুহরম্যান ব্যুলেভার্ড প্রবেশের মধ্যকার স্থানটি সংস্কার করা হবে। 13 মিলিয়ন মার্কিন ডলারের আউটার হারবার ইভেন্ট প্যাভিলিয়নটি আগামী বসন্তকালে কনসার্ট ও অন্যান্য অভিজ্ঞতা আয়োজন করার জন্য প্রস্তুত থাকবে। বেল স্লিপে একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের নির্মাণকাজ চলছে এবং এটি রেস্টরুম এবং পানির প্রান্তে একটি ওভারলুক ডেক প্রদান করবে।

নর্থ অড ব্লকের রূপান্তর শুরু হচ্ছে গেটওয়ে ভবনের নির্মাণ দ্বারা, এটি একটি বহুতল, স্টেট অর্থায়িত কাঠামো যা ECHDC কে ক্যানালসাইডের ভেতরের একটি অবস্থান থেকে সাইট পরিচালনা কাজের ব্যবস্থাপনা করতে দিবে। নর্থ অড ব্লকের অবশিষ্ট অংশের পরিকল্পনাও চলছে। পরিকল্পনাটি প্রায় দুই একরের পরিত্যক্ত পার্সেলকে বাণিজ্যিক, খুচরা বিক্রি এবং আবাসিক ব্যবহারের জন্য একাধিক ভবনে রূপান্তরিত করার কল্পনা করছে যা মূল 19 শতকের

সড়ক গ্রিডের কিছু অংশের প্রতিফলন করবে এবং একই সাথে 21 শতকের অবকাঠামো ও সুযোগ সুবিধার সংযোজন করবে। নিকটেই 40 মিলিয়ন মার্কিন ডলারের হেরিটেজ পয়েন্ট (Heritage Point) প্রকল্পের কাজ নির্মাণাধীন, যা ক্যানালসাইডে 61টি অ্যাপার্টমেন্ট, একটি রেস্টুরেন্ট, অফিস এবং খুচরা বিক্রির স্থান তৈরি করবে। গভর্নর হোকলের 2022 সালের আগস্ট মাসের ঘোষণার কারণে গেটওয়ে এবং অন্যান্য প্রকল্প অগ্রসর হয়েছে, যা বাফেলো ওয়াটারফ্রন্টের জন্য NYPA অর্থায়নকে ত্বরান্বিত করেছে।

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation, ECHDC) ভোট দেয়ার ক্ষমতাসম্পন্ন সাতজন এবং ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টর সহ মোট নয়জন-সদস্যের একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। এই সাতজন ভোট পরিচালকের সুপারিশ করেন নিউ ইয়র্ক স্টেট গভর্নর এবং ECHDC-এর একমাত্র শেয়ারহোল্ডার হিসেবে নিউ ইয়র্ক স্টেট আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Urban Development Corporation), যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নামে কাজ করে, তাদের দ্বারা নিয়োগ করা হয়। ইরি কাউন্টির এক্সিকিউটিভ ও বাফেলো সিটির মেয়র ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টরের পদে অধিষ্ঠিত রয়েছেন।

স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) সাবসিডিয়ারি হিসেবে, ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ক্যানেলসাইডে, ওহাইয়ো স্ট্রিট করিডর ও আউটার হার্বারে এমন পরিকাঠামো তৈরি করতে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত ক্রিয়াকলাপের আয়োজন করতে সহায়তা করে যেগুলো বহু মানুষকে আকর্ষণ করছে, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জল সংলগ্ন এলাকাগুলি উপভোগ করাকে সমৃদ্ধ করছে। এর ভিশন হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জলপথকে পুনরুজ্জীবিত করা এবং এই অঞ্চলের গর্বিত ইতিহাস, নাগরিক গুরুত্ব ও প্রাকৃতিক সৌন্দর্যের উপর ভিত্তি করে বাফেলোর অর্থনৈতিক সমৃদ্ধি ফিরিয়ে আনা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418